গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, মুন্সীগঞ্জ
(সংস্থাপন শাখা)
www.munshiganj.gov.bd

শুদ্ধাচার কৌশল কর্ম পরিকল্পনার আলোকে সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (Stakeholders) অংশগ্রহণে ২০২৩-২৪ অর্থ বছরের ২য় ত্রৈমাসিক সভার নভেম্বর ২০২৩ মাসের কার্যবিবরণী:

সভাপতি	:	মোঃ আবুজাফর রিপন বিপিএএ জেলা প্রশাসক, মুন্সীগঞ্জ
সভার তারিখ	:	২৩/১১/২০২৩
সময়	:	সকাল ১১:১৫ টা
স্থান	:	সম্মেলন কক্ষ, জেলা প্রশাসকের কার্যালয়, মুন্সীগঞ্জ

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির সম্মতিক্রমে জনাব তৌহিদ এলাহী, অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন কার্যক্রমের অংশ হিসেবে এ কার্যালয়ে সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (Stakeholders) অংশগ্রহণে ২০২৩-২০২৪ অর্থবছরে ০৪ (চার) বার সভা অনুষ্ঠিত হবে বলে সভাকে অবহিত করেন। তিনি আরও জানান জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের নিমিত্ত এ কার্যালয়ে শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার ২০২৩-২০২৪ প্রণয়ন করা হয়েছে। সভায় কয়েকজন সেবাপ্রার্থী ও গণমাধ্যমকর্মী উপস্থিত ছিলেন।

সেবাপ্রার্থীঃ

ক) সেবা প্রার্থী জনাব শ্রী অজয় কর্মকার (০১৯১৩০৩৯২২৩), পিতা: মৃত রবি কর্মকার, গ্রাম: জমিদারপাড়া উপজেলা: মুন্সীঞ্জ সদর, জেলা: মুন্সীগঞ্জ ও সভাপতি মুন্সীগঞ্জ জেলা স্বর্ণ শিল্প সংগঠন সভায় জানান, প্রশাসন থেকে আমরা সঠিকভাবে সেবা পাচ্ছি, কোন হয়রানি হচ্ছি না। সেবার মান ভাল। মুন্সীগঞ্জ জেলা স্বর্ণ শিল্প সংগঠন থেকে প্রশাসনের সেবার মান উন্নত হওয়ায় আমরা অনেক খুশি এবং তিনি জেলা প্রশাসনকে ধন্যবাদ জানান। প্রশাসনের সার্বিক সহযোগিতা ও সেবার মাধ্যমে মুন্সীগঞ্জ জেলা স্বর্ণ শিল্প সংগঠনকে আরো শক্তিশালী করার আশাবাদ ব্যক্ত করেন। তবে ব্যবসায়িক কাজের ভ্যাট/ট্যাক্স প্রদানের ক্ষেত্রে কিছু সমস্যার সম্মুখীন হতে হয় বলে তিনি সভাকে অবহিত করেন। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), মুন্সীগঞ্জ বলেন এ ধরণের কোন সমস্যার সম্মুখীন হলে তা জেলা প্রশাসক, মুন্সীগঞ্জ মহোদয় বরাবর লিখিত আবেদন দাখিল করতে হবে। নেজারত শাখায় সেবাপ্রার্থীদের বসার জন্য পর্যাপ্ত চেয়ারের ব্যবস্থা করা হয়েছে এবং জনগণের জন্য সুপেয় বিশুদ্ধ পানি পানের ব্যবস্থা রাখায় জেলা প্রশাসনের নিকট কৃতজ্ঞতা প্রকাশ করেছেন। সভাপতি মহোদয় এ ধারা অব্যাহত রাখবেন বলে সভায় আশাবাদ ব্যক্ত করেন।

খ) সেবা প্রার্থী জনাব মোঃ সালাউদ্দিন (০১৮৪৭৪৪৫৬৯৮), পিতা-মোঃ রোস্তম আলী সরদার, গ্রাম-মধ্যকেওয়ার, উপজেলা: মুন্সীগঞ্জ সদর, জেলা: মুন্সীগঞ্জ জানান তিনি বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট আদালত, মুন্সীগঞ্জে ১৪৫ ধারার মামলায় হাজিরা দিতে এসেছেন। সেবার মান ভাল। তিনি সভাকে জানান সেবা নিতে এসে প্রশাসনের কোন কর্মকর্তা/কর্মচারীদের নিকট হতে কোন হয়রানির স্বীকার হচ্ছি না।

গ) সেবা প্রার্থী জনাব মোঃ সফিউল্লাহ (০১৮৪৫৮৫৫২০৭), পিতা-আঃ রাজ্জাক ছৈয়াল, গ্রাম-লক্ষীপুর, পো: ভবেরচর, উপজেলা-গজারিয়া, জেলা-মুন্সীগঞ্জ জানান তিনি বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট আদালত, মুন্সীগঞ্জে ১৪৫ ধারার মামলায় হাজিরা দিতে এসেছেন। ১৪৫ ধারার মামলা দ্রুত নিষ্পত্তি হবে বলে তিনি আশা করেন। মামলার কাগজপত্র পর্যালোচনাপূর্বক দ্রুত মামলা নিষ্পত্তি করা হবে বলে জনাব মোঃ মাসুদুল আলম,

অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, মুন্সীগঞ্জ সভাকে অবহিত করেন। সভাপতি মহোদয় এ ধারা অব্যাহত রাখবেন বলে সভায় আশাবাদ ব্যক্ত করেন।

গণমাধ্যমকর্মীঃ

ক) জনাব গোলাম আশরাফ খান উজ্জ্বল (০১৭৮২৩৯৫৯৮৫), বার্তা সম্পাদক, দৈনিক রজত রেখা, মুন্সীগঞ্জ, সভাপতি সাহিত্য পরিষদ, মুন্সীগঞ্জ জেলা ও সাধারণ সম্পাদক, মুন্সীগঞ্জ জেলা সাংবাদিক ফোরাম জানান, বাংলাদেশ বর্তমানে বিশ্বে উন্নয়নের রোল মডেল। তাই উন্নয়নের এই ধারাকে চলমান রাখতে সুশাসনের প্রয়োজনীয়তার গুরুত্ব অনেক। যে কোন সরকারি-বেসরকারি অফিস আদালত যদি সাধারণ মানুষের সাথে সুষ্ঠু আচরণ, সুন্দর ও ভদ্র ব্যবহার করে তা হলে সেবাপ্রার্থী সন্তুষ্ট হবে। প্রশাসনের উর্দ্ধতন কর্মকর্তা ও কর্মচারীরা সেবাপ্রার্থীকে সাহায্য করতে না পারলেও কথা ও ব্যবহার দিয়ে তাকে সন্তুষ্ট করতে পারেন। পরিবার থেকে শুরু করে রাষ্ট্র ও সরকার সব জায়গায় ন্যায্য বন্টন, সত্য উদঘাটন ও সম বিভাজই সুশাসন প্রতিষ্ঠা করতে সাহায্য করবে বলে বিশ্বাস। প্রশাসন থেকে সার্বক্ষণিক জনগণকে সেবা দিয়ে থাকেন। জেলা প্রশাসক, মুন্সীগঞ্জ মহোদয় জনগণের বান্ধব/বন্ধু বলে তিনি সভায় আশাবাদ ব্যক্ত করেন।

খ) জনাব এস. এম. মতিউল ইসলাম হিরু (০১৭১৫৩৩০৮৭৫), বীর মুক্তিযোদ্ধা, মুন্সীগঞ্জ জানান বর্তমানে বাংলাদেশ বিশ্বের বুকে উন্নয়নের রোল মডেল। তাই সুশাসনের উপর অনেক কিছু নির্ভর করে উন্নয়নের ধারা অব্যাহত রাখার জন্য। আমরা যে কোন অফিস আদালতে সরকারি কাজকর্ম করতে আসা সাধারণ মানুষের সাথে সুন্দর আচার-ব্যবহারের মাধ্যমে সঠিকভাবে যথাসময়ে সেবা প্রদান করব এই মন-মানসিকতা নিয়ে সকল অফিস আদালত ও যে কোন প্রতিষ্ঠানে কাজ করা দরকার। সদা সত্য কথা বলব। কোন ছলচাতুরীর আশ্রয় নিব না। তবেই আগামীতে মাননীয় প্রধানমন্ত্রীর স্মার্ট বাংলাদেশ গড়তে সক্ষত হবো। আমরা সকলেই ভাল থাকব, দেশ এগিয়ে যাবে এ আশা রাখি। সভাপতি বিষয়গুলি গুরুত্বের সাথে দেখবেন বলে সভায় আশাবাদ ব্যক্ত করেন।

এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

আলোচ্যসূচি	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়নে অংশীজনের ভূমিকা	নৈতিকতা কমিটির সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের জন্য এ কার্যালয়সহ জেলার সকল উপজেলা নির্বাহী অফিসার ও সহকারী কমিশনার (ভূমি) গণকে নির্দেশনা দেয়া হয়েছে।	কোন দপ্তর/শাখায় অথবা সেবা প্রদানকারী কোন কর্মকর্তা/ কর্মচারীর আচরণে শুদ্ধাচারের অভাব পরিলক্ষিত হলে সে বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণ করতে হবে।	১। উপ-পরিচালক, স্থানীয় সরকার, মুন্সীগঞ্জ ২। অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি)/ (রাজস্ব)/ (সার্বিক), মুন্সীগঞ্জ ৩।বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, মুন্সীগঞ্জ ৪। উপজেলা নির্বাহী অফিসার (সকল), মুন্সীগঞ্জ ৫। সহকারী কমিশনার (ভূমি), (সকল), মুন্সীগঞ্জ ৬। সিনিয়র সহকারী কমিশনার/সহকারী কমিশনার (সকল), মুন্সীগঞ্জ
সিটিজেন চার্টার সংক্রান্ত	সিটিজেন চার্টার প্রণয়ন সংক্রান্ত নির্দেশিকা, ২০১৭ নিয়ে সভায় বিস্তারিতভাবে আলোচনা করা হয়। এ কার্যালয়ের প্রতিটি শাখার	সিটিজেন চার্টার প্রণয়ন সংক্রান্ত নির্দেশিকা, ২০১৭ যথাযথভাবে অনুসরণ করতে হবে।এপিএ তে বর্ণিত এ	১। উপ-পরিচালক, স্থানীয় সরকার, মুন্সীগঞ্জ ২। অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি)/ (রাজস্ব)/ (সার্বিক), মুন্সীগঞ্জ

আলোচ্যসূচি	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
	সিটিজেন চার্টার হালনাগাদ করতে হবে মর্মে সভার সকলকে অবহিত করা হয়।	সংক্রান্ত কার্যক্রমসমূহ বাস্তবায়ন নিশ্চিত করতে হবে।	৩। বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, মুন্সীগঞ্জ ৪। উপজেলা নির্বাহী অফিসার (সকল), মুন্সীগঞ্জ ৫। সহকারী কমিশনার (ভূমি), (সকল), মুন্সীগঞ্জ ৬। সিনিয়র সহকারী কমিশনার/সহকারী কমিশনার (সকল), মুন্সীগঞ্জ তত্ত্বাবধানঃ অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), মুন্সীগঞ্জ
গণমাধ্যমকর্মীদের ভূমিকা	ইলেক্ট্রনিক ও প্রিন্ট মিডিয়া সংবাদ প্রকাশের মাধ্যমে শুদ্ধাচার বাস্তবায়নে ইতিবাচক ভূমিকা রাখতে পারে। এজন্য সেবা প্রদানকারী ও সংবাদকর্মী উভয়কেই নিজ জায়গা থেকে দায়িত্বের পরিচয় দিতে হবে।	পেশাদারিত্বের সাথে কাজ করতে হবে।	১। কর্মকর্তা/কর্মচারী (সকল) ২। সম্মানিত গণমাধ্যমকর্মীগণ
অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা সংক্রান্ত	অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা (অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত নির্দেশিকা-২০১৫ (পরিমার্জিত ২০১৮) বাস্তবায়নে সভায় আলোচনা করা হয়।	অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা (অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত নির্দেশিকা-২০১৫ (পরিমার্জিত ২০১৮) যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে।	১। উপ-পরিচালক, স্থানীয় সরকার, মুন্সীগঞ্জ ২। অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি)/ (রাজস্ব)/ (সার্বিক), মুন্সীগঞ্জ ৩। বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, মুন্সীগঞ্জ ৪। উপজেলা নির্বাহী অফিসার (সকল), মুন্সীগঞ্জ ৫। সহকারী কমিশনার (ভূমি), (সকল), মুন্সীগঞ্জ ৬। সিনিয়র সহকারী কমিশনার/সহকারী কমিশনার (সকল), মুন্সীগঞ্জ তত্ত্বাবধানঃ অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), মুন্সীগঞ্জ
তথ্য অধিকার আইন, ২০০৯ সংক্রান্ত	তথ্য অধিকার আইন (তথ্য অধিকার আইন, ২০০৯) বিষয়ে সভায় আলোচনা করা হয় এবং সকলকে	তথ্য অধিকার আইন (তথ্য অধিকার আইন, ২০০৯) যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে।	১। উপ-পরিচালক, স্থানীয় সরকার, মুন্সীগঞ্জ ২। অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি)/ (রাজস্ব)/ (সার্বিক),

আলোচ্যসূচি	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
	উক্ত বিষয়ে অবহিত করা হয়।		মুন্সীগঞ্জ ৩। বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, মুন্সীগঞ্জ ৪। উপজেলা নির্বাহী অফিসার (সকল), মুন্সীগঞ্জ ৫। সহকারী কমিশনার (ভূমি), (সকল), মুন্সীগঞ্জ ৬। সিনিয়র সহকারী কমিশনার/সহকারী কমিশনার (সকল), মুন্সীগঞ্জ তত্ত্বাবধানঃ অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), মুন্সীগঞ্জ
সুশাসন প্রতিষ্ঠায় অংশীজনদের করণীয়	সভায় জানানো হয় যে, মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক এ কার্যালয়ে ইতোমধ্যে শুদ্ধাচার কৌশল বাস্তবায়নে কর্মপরিকল্পনা প্রণয়ন করা হয়েছে। সুশাসন নিশ্চিত করায় সকল অংশীজনকে দায়িত্বশীল আচরণ করতে হবে।	সুশাসন প্রতিষ্ঠা ও কাজে দুর্নীতিমুক্ত পরিবেশ নিশ্চিত করতে অংশীজন ও সকল কর্মকর্তা/ কর্মচারীকে আন্তরিক হতে হবে।	১। কর্মকর্তা/কর্মচারী (সকল) ২। সম্মানিত সকল অংশীজন
ই গভর্ন্যান্স ও উদ্ভাবনী কর্মপরিকল্পনা	এপিএ তে বর্ণিত ই গভর্ন্যান্স ও উদ্ভাবনী কর্মপরিকল্পনা বাস্তবায়ন সম্পর্কে আলোচনা করা হয়।	এপিএ তে বর্ণিত ই গভর্ন্যান্স ও উদ্ভাবনী কর্মপরিকল্পনা বাস্তবায়ন করতে হবে।	১। উপ-পরিচালক, স্থানীয় সরকার, মুন্সীগঞ্জ ২। অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি)/ (রাজস্ব)/ (সার্বিক), মুন্সীগঞ্জ ৩। বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, মুন্সীগঞ্জ ৪। উপজেলা নির্বাহী অফিসার (সকল), মুন্সীগঞ্জ ৫। সহকারী কমিশনার (ভূমি), (সকল), মুন্সীগঞ্জ ৬। সিনিয়র সহকারী কমিশনার/সহকারী কমিশনার (সকল), মুন্সীগঞ্জ তত্ত্বাবধানঃ অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), মুন্সীগঞ্জ

আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

০৭/১২/২৩

মোঃ আবুজাফর রিপন বিপিএএ
জেলা প্রশাসক
মুন্সীগঞ্জ
ফোনঃ ০২-৯৯৭৭৩১১০০
ইমেইল: dcmunshiganj@mopa.gov.bd

স্মারক নং: ০৫.৩০.৫৯০০.২০৫.০৪.০০১.২৩(অংশ)- ৬৬৫(৩৫)

তারিখ : ২৮ অগ্রহায়ণ ১৪৩০ / ০৭ ডিসেম্বর ২০২৩

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা
০২। উপ পরিচালক, স্থানীয় সরকার, মুন্সীগঞ্জ
০৩। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)/ (সার্বিক)/(শিক্ষা ও আইসিটি)/অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, মুন্সীগঞ্জ
০৪। উপজেলা নির্বাহী অফিসার, মুন্সীগঞ্জ সদর/টংগীবাড়ী/সিরাজদিখান/শ্রীনগর/লৌহজং/গজারিয়া, মুন্সীগঞ্জ
০৫। সহকারী কমিশনার (ভূমি),মুন্সীগঞ্জ সদর/টংগীবাড়ী/সিরাজদিখান/শ্রীনগর/লৌহজং/গজারিয়া, মুন্সীগঞ্জ
০৬। সিনিয়র সহকারী কমিশনার/সহকারী কমিশনার.....শাখা (সকল), জেলা প্রশাসকের কার্যালয়, মুন্সীগঞ্জ
০৭। সহকারী কমিশনার, আইসিটি শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, মুন্সীগঞ্জ [কার্যবিবরণী এ কার্যালয়ের ওয়েব পোর্টালে প্রকাশের জন্য অনুরোধসহ]
০৮। অফিস কপি

০৭/১২/২৩

জেলা প্রশাসক
মুন্সীগঞ্জ